

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৬৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ রাতে ঘুমানোর সময় দরজা বন্ধ করে দেওয়া, পানপাত্রের মুখ বন্ধ করা, বাতি নিভিয়ে দেওয়া এবং অন্যান্য পাত্র ঢেকে দেওয়ার নির্দেশ

ذِكْنُ الْأَمْرِ بِإِغْلَاقِ الْأَبْوَابِ وَإِيكَاءِ السِّقاء وَإِطْفَاءِ الْمِصْبَاحِ وَتَخْمِيرِ الْإِنَاءِ

আরবী

1268 ـ أَخْبَرَنَا أَبُو بَكْرٍ عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ أَبِي الزُّبَيْرِ الْمَكِّيِّ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ (أَعْلِقُوا الْأَبْوَابَ وَأَوْكُوا السِّقَاءَ وخَمِّرُوا الْإِنَاءَ وأطْفِئُوا الْمِصْبَاحَ فَإِنَّ الشَّيْطَانَ لَا يَفْتَحُ غَلْقاً وَلَا يَحُلُّ وِكَاءً وَلَا يَكْشِفُ إِنَاءً وَإِنَّ الْفُويُسِقَةَ تُضْرِمُ عَلَى الناس بيتهم) يَفْتَحُ غَلْقاً وَلَا يَحُلُّ وكَاءً وَلَا يَكْشِفُ إِنَاءً وَإِنَّ الْفُويُسِقَةَ تُضْرِمُ عَلَى الناس بيتهم) الراوي : جَابِر بْن عَبْدِ اللَّهِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1268 اخلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

১২৬৮. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা দরজা বন্ধ করে দিবে, পানপাত্রের মুখ বন্ধ করবে, অন্যান্য পাত্রসমূহ ঢেকে রাখবে এবং বাতি নিভিয়ে দিবে কেননা শয়তান বন্ধ দরজা খুলতে পারে না, বাধনযুক্ত পাত্রপাত্র খুলতে পারে না এবং ঢেকে রাখা পাত্র উন্মুক্ত করতে পারে না। ইঁদুর কোন কোন সময় (দোয়াত জ্বালিয়ে রাখলে, দোয়াতের ফিতা টেনে নিয়ে) মানুষের ঘরে আগুন লাগিয়ে দেয়।"[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৯২৮; সহীহ মুসলিম: ২০১২; আবূ দাউদ: ৩৭৩২; তিরমিযী: ১৮১২; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ১২২১; ইবনু মাজাহ: ৩৪১০; হুমাইদী: ১২৭৩; মুসনাদ আহমাদ: ৩/৩০১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩০৫৭।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/৮০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন